কত ঘণ্টা কাজ করলে পাওয়া যাবে আইফোন ১৩

মার্কিন প্রযুক্তি জায়ান্ট অ্যাপলের আইফোনের সর্বশেষ সংস্করণ আইফোন ১৩ সম্প্রতি বাজারে এসেছে। উন্নত প্রযুক্তিসম্পন্ন এ ফোনের দাম জেনে অনেকেই ভিমড়ি খেয়েছেন। কেননা, সাধারণের নাগালের বাইরে নতুন আইফোনের দাম। এজন্য নানারকম মিম ছড়িয়ে পড়েছে সোশ্যাল মিডিয়ায়। সামাজিক যোগাযোগ মাধ্যমে ঘুরছে বিভিন্ন আইফোন-কিডনি জোকস। ফলে বোঝাই যাচ্ছে এ ফোনের দাম শুনেই চোখ কপালে উঠেছে ক্রেতাদের। সম্প্রতি মানি সুপারমার্কেটের পক্ষ থেকে একটি তথ্য প্রকাশ হয়েছে। তাতে জানানো হয়েছে কোন দেশের মানুষদের কত ঘণ্টা কাজ করলে আইফোন কেনার সুযোগ মিলবে। বা সে আইফোন কিনতে পারবেন। একজন ভারতীয়র পক্ষে আইফোন ১৩ কেনা তখনই সম্ভব হবে, যদি তিনি প্রায় ৭২৪ ঘণ্টা কাজ করেন। অর্থাৎ, হিসাব করলে দাঁড়ায় প্রায় ৩০ দিন কাজ করলেই একজন ভারতীয় আইফোন ১৩ কিনতে পারবেন। তবে, শুধু ভারতীয়দের ক্ষেত্রেই নয়, বিশ্বের অন্যান্য দেশের মানুষও আইফোন ১৩ কিনতে হলে তাদের কতক্ষণ কাজ করতে হবে, তাও জানা গিয়েছে সেই তথ্যে। একজন সুইজারল্যান্ডের অধিবাসীকে কাজ করতে হবে মাত্র ৩৪.৩ ঘণ্টা। আবার ফিলিপিন্সের মানুষকে কাজ করতে হবে ৭৭৫ ঘণ্টা।

তিন বছর পর হুয়াওয়ের কর্মকর্তাকে মুক্তি দিচ্ছে কানাডা

কানাডায় আটক চীনা প্রযুক্তি প্রতিষ্ঠান হুয়াওয়ের প্রতিষ্ঠাতা রেন ঝেংফেইয়ের মেয়ে এবং হুয়াওয়ের প্রধান অর্থ কর্মকর্তা মেং ওয়ানঝু তিন বছর পর থেকে মুক্তি পাচ্ছেন।মেং ওয়ানঝুকে দায়মুক্তি দিতে যুক্তরাষ্ট্রের সঙ্গে সমঝোতা হওয়ায় শুক্রবার ভার্চুয়্যাল আদালতে

হাজির করা হয়। খবর বিবিসির।

প্রত্যার্পণের জন্য কানাডায় মেং ওয়ানঝুর বিরুদ্ধে দায়ের হওয়া অভিযোগ প্রত্যাহার করে নেওয়া হয়। আটকের পর তিন বছর ধরে কঠোর নজরদারিতে কানাডায় রয়েছেন মেং ওয়ানঝু।২০১৮ সালের ডিসেম্বরে হংকং থেকে মেক্সিকো যাওয়ার পথে কানাডার ভ্যাঙ্কুভার বিমানবন্দরে যাত্রাবিরতির সময় গ্রেফতার হন মেং ওয়ানঝু।

যুক্তরাষ্ট্রের অনুরোধে কানাডা কর্তৃপক্ষ তাকে আটক করে। তার বিরুদ্ধে মার্কিন নিষেধাজ্ঞা অমান্য করে ইরানে প্রযুক্তি বিক্রির অভিযোগে প্রত্যর্পণের অনুরোধ করে যুক্তরাষ্ট্র।যুক্তরাষ্ট্র অভিযোগ করেছে, স্কাইকম নামে এক অনানুষ্ঠানিক সহযোগী প্রতিষ্ঠানের মাধ্যে ইরানের টেলিকম কোম্পানির সঙ্গে ব্যবসা করছে হুয়াওয়ে।

এতে ইরানের বিরুদ্ধে যুক্তরাষ্ট্র ও ইউরোপীয় ইউনিয়নের (ইইউ) দেওয়া নিষেধাজ্ঞা লঙ্ঘন করা হয়েছে। হুয়াওয়ের দাবি, মেং ওয়ানঝু অন্যায় কিছু করেছেন বলে তাদের জানা নেই।মেং ওয়ানঝুকে গ্রেফতারের ঘটনায় ক্ষুব্ধ হয় চীন। তাকে গ্রেফতারের পর যুক্তরাষ্ট্র এবং কানাডার সঙ্গে চীনের সম্পর্কে উত্তেজনা শুরু হয়। মেং ওয়ানঝু নিজেকে নির্দোষ দাবি করে যুক্তরাষ্ট্রে প্রত্যর্পণের বিরুদ্ধে লড়াই চালিয়ে যাওয়ার কথা জানান। এতদিন তার মুক্তির বিষয়টি ঝুলে ছিল।

সাবরিনা মেং এবং ক্যাথি মেং নামেও পরিচিত মেং ওয়ানঝু হুয়াওয়ের প্রতিষ্ঠাতা ধনকুবের রেন ঝেংফেইয়ের বড় মেয়ে।১৯৯৯ সালে হুয়াওয়ের অর্থ বিভাগে যোগদানের পর ২০১১ সালে তিনি এর প্রধান অর্থ কর্মকর্তা (সিএফও) হন। গ্রেফতারের কয়েক মাস আগে ২০১৮ সালে তাকে ভাইস চেয়ারম্যানের দায়িত্ব দেওয়া হয়।

হোয়াটসঅ্যাপে ই-কমার্স ফিচার

ফেসবুক মালিকানাধীন মেসেজিং প্ল্যাটফর্ম হোয়াটসঅ্যাপে শিগগিরই মিলবে ‘বিজনেস ডাইরেক্টরি’। এ ফিচারের আওতায় আশপাশের সব

ব্যবসায়িক প্রতিষ্ঠানের খবর চলে আসবে আপনার হাতের মুঠোয়। এমনই নয়া চমক দিতে চলেছে ফেসবুকের মালিকানাধীন এ সংস্থা। আপাতত পরীক্ষামূলকভাবে তা প্রয়োগ করা হলেও শিগগির এটি সবার জন্যই পাওয়া যাবে। শুরুতে ব্রাজিলের সাও পাওলোয় শুরু হয়েছে পরীক্ষা। এরপর ভারত ও ইন্দোনেশিয়াতেও তা প্রয়োগ করে দেখা হবে। ঠিক কেমন এই নতুন ফিচার? এবার হোয়াটসঅ্যাপের কনট্যাক্ট লিস্টে মিলবে ‘বিজনেস নিয়ারবাই’। সেখানে ট্যাপ করলেই দেখতে পাবেন সব স্থানীয় ব্যবসায়িক প্রতিষ্ঠানের তালিকা। এরপর আপনার দরকারমতো নামটির পাশে ট্যাপ করলেই ফুটে উঠবে তার সম্পূর্ণ প্রোফাইলটি। সেখানে পণ্যের তালিকা ছাড়াও মিলবে যোগাযোগের ঠিকানা ও প্রয়োজনীয় তথ্য। হোয়াটসঅ্যাপে শক্তিশালী ই-কমার্স সিস্টেম চালু করার লক্ষ্য রয়েছে ফেসবুকের। সেই লক্ষ্যেই এবার এ পদক্ষেপ করছে সংস্থা। এর আগেও নানা শপিং টুল এনেছে তারা।

ডেটা নিরাপত্তায় কাজ করবে টেসলা

ইলেকট্রিক গাড়ি নির্মাতা প্রতিষ্ঠান টেসলা ডেটা নিরাপত্তায় বিশ্বব্যাপী নিয়ন্ত্রক সংস্থাগুলোর সঙ্গে কাজ করবে। শুক্রবার চীনে এক শিল্প আয়োজনে এ কথা জানান টেসলার প্রধান নির্বাহী কর্মকর্তা ইলন মাস্ক।এক ভিডিও লিংকের মাধ্যমে দক্ষিণ চীনের হাইনান দ্বীপে ‘ওয়ার্ল্ড নিউ এনার্জি ভেহিকেল কংগ্রেস’ অনুষ্ঠানে বক্তব্য রাখেন মাস্ক। এ সময় তিনি বলেন, “চালকবিহীন প্রযুক্তির দ্রুত বেড়ে ওঠার পাশাপাশি, গাড়ির ডেটা সুরক্ষাও বিস্তৃত পরিসরে আগের তুলনায় বেশি উদ্বেগ তৈরি করছে।” টেসলার জন্য অন্যতম বড় বাজার চীন। দেশটির চাহিদা মেটাতে সাংহাইয়ে টেসলার কারখানা রয়েছে। এখানে গাড়ি সংযোজন করা হয়। তবে, গ্রাহক ডেটা সংরক্ষণ ও পরিচালনা প্রশ্নে এ বছরই টেসলার বিরুদ্ধে তদন্তে নেমেছে চীন। গাড়িতে চালককে সহযোগিতা করার জন্য বড় পরিসরে সেন্সর ও ক্যামেরা ব্যবহার বেড়েছে। প্রশ্ন উঠছে এ ধরনের যন্ত্রাংশ থেকে সৃষ্ট ডেটার গোপনীয়তা ও সুরক্ষা নিয়েও। গত মে মাসে গাড়ির ক্যামেরা নিয়ে নিরাপত্তা উদ্বেগে চীন সরকারের কিছু কার্যালয়ে কর্মীদের সরকারি

আঙিনার ভেতরে গাড়ি পার্ক করার বিষয়ে নিষেধাজ্ঞা দিয়েছিল দেশটি। পরে টেসলা চীনেই স্থানীয়ভাবে ডেটা রাখার জন্য একটি সাইট প্রতিষ্ঠার কথা জানায়।

চালু হলো টুইটারের পাবলিক ভেরিফিকেশন

মাইক্রোব্লগিং সাইট টুইটার পুনরায় পাবলিক অ্যাকাউন্ট ভেরিফিকেশনের জন্য আবেদন গ্রহণ শুরু করেছে। মঙ্গলবার কোম্পানির পক্ষ থেকে এ ঘোষণা দেওয়া হয়। গত আগস্টে আবেদন ও রিভিউ প্রক্রিয়া উন্নয়নের জন্য সাময়িকভাবে পাবলিক ভেরিফিকেশন স্থগিত রাখে টুইটার। টুইটার জানিয়েছে, ‘আমাদের সঙ্গে থাকার জন্য ধন্যবাদ। আপনি যদি আবেদন করতে চান তাহলে অ্যাকাউন্ট সেটিংস থেকে সেটি করতে পারবেন’। সাস্প্রতিক মাসগুলোতে ব্লু ব্যাজ ব্যবস্থাপনায় বেশ হিমশিম খেয়েছে টুইটার। গত মে মাসে পাবলিক ভেরিফিকেশন উন্মোচনের মাত্র আট দিন পরেই নতুন সিস্টেমটি বন্ধ করতে বাধ্য হয় কোম্পানিটি। ইতোমধ্যে একাধিকবার আবেদন প্রক্রিয়া চালু এবং স্থগিতের ঘটনা ঘটেছে। এমনকি ভুয়া অ্যাকাউন্টও ভেরিফাই হওয়ার প্রমাণ পাওয়া গেছে। আর তাই ভবিষ্যতে যাতে এমন ঘটনার পুনরাবৃত্তি না ঘটে সেজন্য প্রক্রিয়াটির উন্নয়নে কাজ করেছে টুইটার।

নতুন যেসব পণ্যের ঘোষণা এলো

জনপ্রিয় প্রযুক্তি প্রতিষ্ঠান অ্যাপল প্রতি বছরের মতো এবারও সেপ্টেম্বর ইভেন্টে নতুন পণ্যের ঘোষণা দেয়। ১৪ সেপ্টেম্বর বাংলাদেশ সময় রাত ১১টায় অ্যাপল পার্ক থেকে ক্যালিফোর্নিয়া স্ট্রিমিং ট্যাগলাইনযুক্ত এ ভার্চুয়াল ইভেন্ট শুরু হয়। শুধু আইফোন নয়, আইপ্যাড, অ্যাপল ওয়াচ এবং বিভিন্ন ধরনের সাবস্ক্রিপশন

সেবার ঘোষণা দিয়েছে অ্যাপল। নতুন কী কী পণ্য এলো এবারের ইভেন্টে সেসব নিয়ে বিস্তারিত লিখেছেন-
যুক্তরাষ্ট্রের ক্যালিফোর্নিয়ার অ্যাপল পার্ক থেকে বাংলাদেশ সময় রাত ১১টা ৫ মিনিটে মঞ্চে ওঠে টিম কুক। শুরু করেন অ্যাপল টিভি প্লাসের একাধিক নতুন সেবার ঘোষণা নিয়ে। এরপর রাত ১১টা ৪০ মিনিটে নতুন আইফোনের ঘোষণা শুরু করেন কুক।

আইফোন ১৩ সিরিজের বিস্তারিত

আইফোন ১৩: স্মার্টফোনটির প্রথম লুকে পুলকিত হবেন না গ্রাহক। কারণ ডিজাইনে খুব বেশি পরিবর্তন আনা হয়নি। অনেকটা আগের অর্থাৎ আইফোন ১২ মডেলের মতোই দেখতে এটি। এর স্ক্রিনে আছে সিরামিক শিল্ড। বাজারে আসবে পাঁচটি রঙে, আছে অ্যালুমিনিয়াম ফ্রেম। নির্মাণ কাজে ব্যবহার করা হয়েছে রিসাইকেল বান্ধব উপাদান। আইফোন ১৩তে থাকবে এ১৫ বায়োনিক চিপ। আছে থ্রিডি ম্যাপ সুবিধা। জোর দেওয়া হয়েছে মেশিন লার্নিং প্রযুক্তিতে। দাম নির্ধারণ করা হয়েছে ৭৯৯ মার্কিন ডলার। আগামী ২৪ সেপ্টেম্বরে বাজারে পাওয়া যাবে এ ফোনটি।

আইফোন ১৩ মিনি : ৫.৪ ইঞ্চি ডিসপ্লের আইফোন ১৩ মিনিতে থাকছে ১২ মেগাপিক্সেলের দুটি ক্যামেরা। ক্যামেরায় দেওয়া হয়েছে সিনেম্যাটিক মোড। ভিডিও কনটেন্ট তৈরিতেও নতুন আইফোনে বেশ সুবিধা দেবে বলে জানানো হয়েছে। ডিসপ্লে প্রায় ২০ শতাংশ বেশি উজ্জ্বল। অপরদিকে পুরোনো সিরিজের থেকে আড়াই ঘণ্টা বেশি ব্যাটারি ব্যাকআপ দেবে আইফোন ১৩ মিনি। আইফোন ১৩ মিনি’তে সতেরো ঘণ্টা ধরে একটানা ভিডিও দেখা যাবে। অডিও প্লে ব্যাক টাইম ৫৫ ঘণ্টা। ২০ ওয়াট বা তার বেশি পাওয়ারের অ্যাডাপ্টার দিয়ে ৩০ মিনিটের মধ্যে ফোনটির ব্যাটারি ৫০ শতাংশ চার্জ করা যাবে। আবার ১৫ ওয়াট পর্যন্ত ম্যাগসেফ ওয়্যারলেস চার্জিং সাপোর্ট করবে। এ স্মার্টফোনটির দাম নির্ধারণ করা হয়েছে ৬৯৯ ডলার থেকে। সর্বনিম্ন ১২৮ গিগাবাইট মেমোরি থাকবে।

আইফোন ১৩ প্রো: প্রিমিয়াম ফিচারসমৃদ্ধ এ স্মার্টফোনটি আসবে চারটি রঙে। এর ৩টি নতুন ব্যাক ক্যামেরায় আছে স্যাফায়ার লেন্স। ম্যাগসেইফ ফিচার সাপোর্ট করবে ১৩ প্রো। গ্রাফিক্স পারফরমেন্স বাড়বে ৫০ শতাংশ। আছে সুপার রেটিনা এক্সডিআর প্রোমোশন ডিসপ্লে। ৬.১ ইঞ্চি ডিসপ্লে এ ফোনটির দাম শুরু হবে ৯৯৯ ডলার থেকে। মেমোরি থাকবে এক টেরাবাইট পর্যন্ত।

আইফোন ১৩ প্রো ম্যাক্স: ৬.৭ ইঞ্চি আকারের ডিসপ্লে থাকবে আইফোন ১৩ প্রো-ম্যাক্স এ। ৭৭ মিমি ফোকাল লেংথ সমতুল্য টেলিফটো লেন্স থাকবে এতে। ম্যাক্রো ফটোগ্রাফি করা যাবে এ ফোনে। পেশাদার ফটোগ্রাফারদের জন্য আছে ‘ফটোগ্রাফিক স্টাইলস’ ফিচার। ‘পেশাদার মানের’ ভিডিও ধারণ করা যাবে। শিগ্গির আসছে ‘প্রো-রেজ’ ভিডিও ফিচার। ৫জি সংযোগ সুবিধা থাকবে নতুন আইফোনে। ১ টেরাবাইট স্টোরেজের আইফোন ১৩ প্রো ম্যাক্স ফোনটির দাম নির্ধারণ করা হয়েছে ১৫৯৯ ডলার।

অ্যাপল ওয়াচ সিরিজ ৭ : নতুন অ্যাপল ওয়াচে থাকবে বড় স্ক্রিন। আগের মডেলের ওয়াচের চেয়ে ৪০ শতাংশ পাতলা হবে এটি। ৭০ শতাংশ বেশি উজ্জ্বল হবে ডিসপ্লে। পুরো কোয়ার্টি কিবোর্ড থাকবে, থাকবে আরও উন্নত ও টেকসই ডিসপ্লে। নতুন এ ঘড়িটি সবচেয়ে বেশি কার্যকর হবে বাইকারদের জন্য বলছে অ্যাপল। কেননা এতে দেওয়া হয়েছে ফল ডিটেকশন ফিচার। একবার পূর্ণ চার্জে চলেবে ১৮ ঘণ্টা। চার্জও হবে আগের চেয়ে দ্রুত, বলা হচ্ছে ৩৩ শতাংশ দ্রুত চার্জ হবে নতুন অ্যাপল ওয়াচ সিরিজ ৭ এ। ওয়াচটি আসবে মোট পাঁচটি ভিন্ন রঙে। এটির দাম নির্ধারণ করা হয়েছে ৩৯৯ ডলার।

নতুন আইপ্যাড: ক্যালিফোর্নিয়া স্ট্রিমিং ইভেন্টে প্রযুক্তি জায়ান্ট অ্যাপলের সিনিয়র ভাইস প্রেসিডেন্ট মেলোডি কুনা বিস্তারিত জানান নতুন আইপ্যাড নিয়ে। বলা হয়, নতুন আইপ্যাডে আছে নতুন এ১৩ বায়োনিক চিপ। থাকবে ১২ মেগাপিক্সেল আল্ট্রা ওয়াইড ফ্রন্ট ক্যামেরা। ওএস ১৫তে চলবে নতুন আইপ্যাডটি। সর্বনিম্ন ৬৪ গিগাবাইট মেমোরি চিপের এ আইপ্যাডটির দাম নির্ধারণ করা হয়েছে ৩২৯ ডলার। আগামী সপ্তাহেই বাজারে আসবে নতুন আইপ্যাড।

আইপ্যাড মিনি: অ্যাপল তাদের আইপ্যাডে নতুন ডিজাইন নিয়ে এসেছে। ৮.৩ ইঞ্চির এ আইপ্যাড মিনিতে থাকবে ৫জি সুবিধা। সিপিইউ-এর গতি হবে ৪০ শতাংশ বেশি এবং জিপিইউ-এর গতি হবে ৮০ শতাংশ বেশি। থাকবে আইওএস ১৫ এবং নতুন অটো ট্রান্সলেট অ্যাপ। ১০ গুণ বেশি গতির ইউএসবি সি-পোর্টসহ সামনে-পিছনে থাকবে নতুন ক্যামেরা (১২ মেগাপিক্সেল)। আইপ্যাড মিনিতে থাকবে ‘সেন্টার স্টেজ’। দ্বিতীয় প্রজন্মের অ্যাপল পেন্সিল থাকবে এতে। বাজারে আসবে চারটি রঙে। দাম হবে ৪৯৯ ডলার, বাজারে আসবে আগামী সপ্তাহেই।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

আলোড়ন মূলত স্কুল-কলেজের শিক্ষার্থীদের বিনামূল্যে রোবোটিক্স শেখায়। শিক্ষার্থীদের প্রযুক্তির আলোয় আলোকিত করতেই নিরলস কাজ করছেন আলোড়নের সাথে সংশ্লিষ্ট প্রশিক্ষকেরা।
বাংলাদেশের প্রত্যন্ত অঞ্চলের প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানেও বিনামূল্যে রোবোটিক্সের জ্ঞান ছড়িয়ে দিতে চায় প্রতিষ্ঠানটি।

সংশ্লিষ্টরা বলছেন, শিল্প খাতে অটোমেশন বিপ্লব আনতে রোবোটিক্স এবং কৃত্রিম বুদ্ধিমত্তার কোন বিকল্প নেই। রোবটিক্স এবং কৃত্রিম বুদ্ধিমত্তার ব্যবহার সারা বিশ্বে দৈনন্দিন জীবনে বৃদ্ধি পাচ্ছে।

এই ধারাবাহিকতায় গড়ে উঠছে বেশকিছু গবেষণা কেন্দ্র। যেখানে অনেকেই নতুন প্রযুক্তির সন্ধান করছে। কিন্তু বাংলাদেশে এ বিষয়ে সঠিকভাবে গবেষণা করতে পারার ব্যবস্থা অপর্যাপ্ত।

এ বিষয়ে রোবোডক লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক সারোয়ার জাহান বলেন, ‘দেশের বিভিন্ন রোবট গবেষকদের একটি প্লাটফর্মে নিয়ে আসা ও গবেষণার উন্নয়নের জন্য কাজ করছি আমরা। রোবোডক লিমিটেড প্রযুক্তির প্রতি আগ্রহী এমন প্রত্যেকের জন্য একটি পরিবেশ তৈরি করতে চায় যেখানে বাংলাদেশের যেকোনো প্রান্ত থেকে সর্বোত্তম রোবোটিক সরঞ্জাম এবং সেবা পেতে পারে সবাই।’

প্রতিষ্ঠানটির চেয়ারম্যান মোহাম্মদ নূরুল আমিন জানান, রোবোডক বর্তমান কাজ করছে দেশের সকল বিশ্ববিদ্যালয় এবং পলিটেকনিক ইনস্টিটিউটের শিক্ষার্থীদের নিয়ে। এসব শিক্ষার্থীদের জন্য রয়েছে আইওটি(IOT) কোর্স। এই কোর্সের মাধ্যমে শিক্ষার্থীরা হাতে-কলমে শিখতে পারবে দৈনন্দিন কাজে ব্যবহৃত বিভিন্ন ধরনের স্মার্ট সিস্টেম বানানো।

বর্তমানে ‘ইন্টারনেট অফ থিংসঃ স্মার্ট লাইফের জন্য আইওটি” কোর্সে রেজিস্ট্রেশন চলছে। কোর্সে রেজিস্ট্রেশন করার পর রোবোডকের পক্ষ থেকে থাকছে ১৩টি প্রোডাক্ট।

এই ১৩টি প্রোডাক্ট নিয়ে শিক্ষার্থীরা হাতে-কলমে শেখার মাধ্যমে কোর্সটি সম্পন্ন করবে। কোর্স শেষ করার পর শিক্ষার্থীদের দেয়া হয় অভিজ্ঞতার সনদপত্র। কোর্সটিতে রেজিস্ট্রেশন করতে ভিজিট করতে হবে রোবোডকের ফেইসবুক পেইজে https://cutt.ly/desh-robodoc-fb

রোবোডক লিমিটেড সকল শিক্ষাপ্রতিষ্ঠান এবং রোবোটিক্স

গবেষণাগারে ল্যাবের যন্ত্রপাতি এবং শিক্ষার্থীদের প্রয়োজনীয় রোবোটিক্স এবং ইলেকট্রনিক্স যন্ত্রপাতি সরবরাহ করে। সবাই বাসায় বসেই যেন রোবোডকের যন্ত্রপাতি পেতে পারে সেজন্য রয়েছে ডিজিটাল প্ল্যাটফর্ম।

রোবোডকের ওয়েবসাইট (https://cutt.ly/desh-robodoc) থেকে আপনি আপনার কাঙ্ক্ষিত যন্ত্রপাতি এবং সেবা পেতে পারেন বাসায় বসেই।

ভারতে ভিপিএন নিষিদ্ধ করার সুপারিশ

ভার্চুয়াল প্রাইভেট নেটওয়ার্ক (ভিপিএন) নিষিদ্ধ করার সুপারিশ করেছে ভারতের সংসদীয় স্থায়ী কমিটি (হোম অ্যাফেয়ার্স)।

এই পরিষেবায় ইন্টারনেট ব্যবহারকারী কোথায় আছেন, কী তার আইপি পরিচয় সবটা জানতে পারা কঠিন হয়ে যায়। বিশ্বব্যাপী অনেক মানুষ এটি ব্যবহার করেন। এর মাধ্যমে অবস্থানরত দেশে ব্যানড সাইট, গেম, অ্যাপ ব্যবহার করারও সুযোগ পান ভার্চুয়ালবাসীরা।

এই পরিষেবাকেই এবার বন্ধ করে দিতে চলেছে ভারতের স্বরাষ্ট্রমন্ত্রণালয়।

ভারতের সংসদীয় স্থায়ী কমিটি তাদের সুপারিশে উল্লেখ করেছে, অপরাধমূলক ঘটনার ক্ষেত্রে অপরাধী ভিপিএন ব্যবহার করায় হদিস পাওয়া কঠিন হয়ে দাঁড়ায়। দেশের সাইবার নিরাপত্তার দিকে লক্ষ্য রাখতেই এই পরিষেবাকে নিষিদ্ধ করা প্রয়োজন। ভবিষ্যতে এর মাধ্যমে বড় কোনও অপরাধ ঘটতে পারে বলে আশঙ্কা রয়েছে।

এর পাশাপাশি ভিপিএন ও ডার্ক ওয়েব নিয়ন্ত্রণের জন্য কেন্দ্রের আরও আধুনিক নজরদারি ও প্রযুক্তি প্রয়োগের সুপারিশ করেছে কমিটি।

হিন্দুস্তান টাইমসের খবরে বলা হয়, সাইবার অপরাধীরা ভিপিএন সার্ভিস ব্যবহার করলেও, বহু সাধারণ মানুষও এটি ব্যবহার করেন। এর মাধ্যমে দেশে ব্যানড সাইট, গেম, অ্যাপ ব্যবহার করেন তারা।

তাছাড়া করোনা পরিস্থিতিতে বহু মানুষ ওয়ার্ক ফ্রম হোম করছেন। অনেক ক্ষেত্রেই ভিপিএন ব্যবহার করতে হয় কাজের জন্য।

প্রসঙ্গত, বিশ্বে ভিপিএন ব্যবহারকারীদের তালিকা তৈরি করে যে সংস্থাটি তাদের প্রকাশিত রিপোর্ট থেকে জানা গিয়েছে ভিপিএন ব্যবহারকারীর সংখ্যার নিরিখে ভারত বিশ্বে সর্বোচ্চ।

অনুমতি ছাড়া তথ্য সংগ্রহ করবে না অ্যাপল

মার্কিন প্রযুক্তি জায়ান্ট অ্যাপলের আইফোন অপারেটিং সিস্টেম আইওএস এখন থেকে ব্যবহারকারীদের বিজ্ঞাপন দেখানোর জন্য তাদের ব্যক্তিগত তথ্য সংগ্রহের আগে অনুমতি চাইবে। অ্যাপল ব্যবহারকারীদের নানা তথ্য ডিফল্ট বা সাধারণ মানের অংশ হিসাবে সংগ্রহ করলেও আইওএস ১৫ থেকে ব্যবহারকারীর কাছ থেকে আগে অনুমতি নেবে প্রতিষ্ঠানটি। বর্তমানে অ্যাপ স্টোর এবং নিউজে ব্যবহারকারীদের কোনো বিজ্ঞাপনগুলো অ্যাপল দেখাবে, সেটি ঠিক প্রতিষ্ঠানটি করবে ব্যবহারকারী কোনো কনটেন্টগুলো পড়ছেন, কী কী কিনছেন এবং ডিভাইস থেকে কী সার্চ করছেন- সেই তথ্যের ভিত্তিতে। এতদিন অ্যাপল ওই তথ্যগুলো সংগ্রহ করেছে ব্যবহারকারীকে অবহিত না করে বা সরাসরি কোনো অনুমতি না নিয়ে। সেই কার্যপ্রণালীতে পরিবর্তন আনার পরিকল্পনা করেছে প্রতিষ্ঠানটি। ‘অ্যাপ ট্র্যাকিং ট্রান্সপারেন্সি’র মাধ্যমে ডেভেলপারদের ক্ষেত্রে বিজ্ঞাপনের জন্য ব্যবহারকারীদের তথ্য সংগ্রহের অনুমতি নেওয়া বাধ্যতামূলক করেছিল অ্যাপল। প্রতিষ্ঠানটি নিজেদের বিজ্ঞাপন ব্যবসার ক্ষেত্রেও একই মান রক্ষার চেষ্টা করছে। ডিভাইসে আইওএস ১৫-এর বেটা সংস্করণ চালু থাকলে, ব্যবহারকারী অ্যাপ স্টোর খুললে পপ-আপ হিসাবে সামনে আসবে ‘পার্সোনালাইজড অ্যাড’। বিজ্ঞাপনগুলো ব্যবহারকারীকে নতুন অ্যাপ, পণ্য এবং অন্যান্য সেবা খুঁজে পেতে সাহায্য করলেও ব্যবহারকারীর গোপনতা ‘ডিভাইস

- জেনারেটেড আইডেন্টিফায়ারের মাধ্যমে এবং অ্যাপল আইডির সঙ্গে

বিজ্ঞাপনের তথ্যের লিংক না করে রক্ষা করে বলে দাবি করেছে অ্যাপল।